

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৩৮

১/ বিবিধ

আরবী

### أكثر القبائل في الجنة مذبح ضعيف

رواه ابن وهب في " الجامع " ( ص 1 ) عن عتبة بن أبي حكيم الهمداني عن ابن شهاب رفعه. وهذا سند مرسل ضعيف، فإن عتبة هذا ضعيف، وابن شهاب تابعي صغير، أكثر روايته عن كبار التابعين كابن المسيب وغيره، ويروي أحيانا عن صغار الصحابة كأنس ونحوه، فهو مرسل أو معضل

বাংলা

১৯৩৮। জান্নাতের অধিকাংশ গোত্রগুলো হবে মাযহাজ।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু ওয়াহাব "আলজামে" গ্রন্থে (পৃঃ ১) উতবাহ ইবনু আবু হাকীম হামদানী হতে, তিনি ইবনু শিহাব হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

এ সনদটি মুরসাল দুর্বল। কারণ উতবাহ হচ্ছেন দুর্বল। আর ইবনু শিহাব ছোট তাবেঈ। তার অধিকাংশ বর্ণনা বড় তাবেঈগণ থেকে যেমন ইবনুল মুসাইয়্যাব প্রমুখ। তিনি কখনও কখনও ছোট সাহাবী হতেও বর্ণনা করেন। যেমন আনাস (রাঃ) ও তার মত যারা। হাদীসটির সনদ মুরসাল অথবা মুযাল (পাশাপাশি দু'জন বর্ণনাকারী না থাকাকে মুযাল বলা হয়)।

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72821>

🔗 হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন